

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বহিরাগমন শাখা-২

নং- স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৫,

তারিখঃ ১৯ আগস্ট ২০০৭।

পরিপত্র

**বিষয়ঃ পাসপোর্টে “No Visa Required for Travel of Bangladesh” সীল প্রদান প্রসংগে।**

- সূত্রঃ ১) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮০, তারিখঃ ১৯ অক্টোবর ২০০৬  
২) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫১৪, তারিখঃ ০৪ এপ্রিল ২০০৭।

উপর্যুক্ত সূত্রাদ্বয়ে বর্ণিত বিষয়ে জারীকৃত পরিপত্র নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হ'লঃ

- ০২। বাংলাদেশী বংশোদ্ধৃত, সার্কভুক্ত দেশসমূহ ব্যতীত, বিশ্বের যে কোন দেশের নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তি ও তাঁদের স্ত্রী/স্তানদের এবং বাংলাদেশী নাগরিকের বিদেশী স্ত্রী ও তাঁদের স্তানদের বাংলাদেশে আগমন ও অবস্থান সহজতর করার জন্য তাঁদের বিদেশী পাসপোর্টে “No Visa Required for Travel of Bangladesh” সীল প্রদান করা যাবে। নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশন এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর উপরোক্তাদিত ব্যক্তিদের বিদেশী পাসপোর্টে “No Visa Required for Travel of Bangladesh” সীল প্রদান করবে�ং

০৩। শর্তাদি:-

ছ) বাংলাদেশী বংশোদ্ধৃত ব্যক্তির ক্ষেত্রেঃ

- দৈত নাগরিকত্ব সনদপত্র, অথবা
- বৈধ বাংলাদেশী পাসপোর্ট, অথবা
- বিদেশী নাগরিকত্ব গ্রহণের পূর্বেকার বাংলাদেশী পাসপোর্ট/ ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জন্মসংক্রান্ত/নাগরিকত্বের প্রত্যয়নপত্র এবং পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

ঙ) আদিসূত্রে বাংলাদেশী এবং বর্তমানে বিদেশী নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তির বিদেশী স্ত্রী ও স্তানদের ক্ষেত্রেঃ

- পিতা/মাতা/স্বামীর বৈধ বাংলাদেশী পাসপোর্ট/দৈত নাগরিকত্বের সনদ অথবা বিদেশী নাগরিকত্ব গ্রহণের পূর্বেকার পিতা/মাতা/স্বামীর বাংলাদেশী পাসপোর্ট/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/স্বামীর জন্মসংক্রান্ত/নাগরিকত্বের প্রত্যয়নপত্র, এবং
- পিতা/মাতা/স্বামী কর্তৃক স্ত্রী/স্তান মর্মে প্রদত্ত হলফ নামা এবং
- পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

চ) বাংলাদেশী নাগরিকের বিদেশী স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রেঃ

- পিতা/মাতা/স্বামীর বাংলাদেশী পাসপোর্ট অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জন্মসংক্রান্ত/নাগরিকত্বের সনদপত্র, এবং
- বিবাহের সনদপত্র (স্ত্রীর ক্ষেত্রে), এবং
- পিতা/মাতা/স্বামী কর্তৃক বিদেশী স্ত্রী/সন্তানদের অনুকূলে প্রদত্ত হলফনামা এবং
- পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন

ছ) ইউরোপ, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, কানাডা ও নিউজিল্যান্ডে নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশীদের বিদেশী পাসপোর্টে “No Visa Required for Travel of Bangladesh” গ্রহণের ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হবে না। তবে আবেদনকারীর বাংলাদেশী নাগরিকত্ব প্রমানের জন্য সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে শিক্ষাগত সনদপত্র/বাংলাদেশী পাসপোর্ট/ স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

০৪। ৩ (ঘ) এ বর্ণিত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের সংশ্লিষ্ট দূতাবাস থেকে তদন্তের জন্য প্রাপ্ত আবেদন পত্রটির উপর ৪৫ (পঁয়তালিশ) দিনের মধ্যে পুলিশ বিশেষ শাখা তদন্ত কাজ সম্পন্নপূর্বক প্রতিবেদন দাখিল করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন না পাওয়া গেলে সংশ্লিষ্ট সংস্থার কোন আপত্তি নেই মর্মে ধরে নেয়া হবে।

০৫। দ্বৈত নাগরিকত্ব গ্রহণ ব্যতীত বাংলাদেশী বংশোদ্ধৃত বিদেশী নাগরিকগণ বাংলাদেশী পাসপোর্ট ব্যবহার করতে পারবেন না।

০৬। পাসপোর্টের মেয়াদ যতদিন থাকবে “No Visa Required for Travel of Bangladesh” সুবিধা তত্ত্বান্তরে বাহাল থাকবে এবং পাসপোর্ট বাতিল হলে উক্ত সুবিধাও বাতিল বলে গণ্য হবে। বিদ্যমান “No Visa Required for Travel of Bangladesh” সীল নতুন পাসপোর্টে স্থানান্তরের ক্ষেত্রে মাথাপিছু ৫০ (পঞ্চাশ) মার্কিন ডলার অথবা সমপরিমান অর্থ ফি বাবদ প্রদান করতে হবে।

০৭। এই পরিপত্র কার্যকর হওয়ার সাথে সাথে “No Visa Required for Travel of Bangladesh” সংক্রান্তে জারীকৃত পূর্বের সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(শেখ আব্দুর রউফ)  
উপ-সচিব (বহিরাগমন)